শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চমাধ্যমিক বিদ্যালয় (স্কুল এন্ড কলেজ)/উচ্চমাধ্যমিক কলেজ/স্নাতক (পাস) পর্যায়ে

# এমপিওভুক্তির জন্য Online আবেদন ফরম পূরণের নির্দেশিকা-২০২১

**[অনলাইন আবেদন ফরমের তারকা (*) চিহ্নিত ফিল্ডসমূহ অবশ্যই পূরণ করতে হবে।]**

**১. অনলাইনে আবেদন করার পূর্বে নিম্নোক্ত ডকুমেন্ট (PDF ফরমেট এ স্ক্যান করে) সংগ্রহ করে রাখতে হবে:**

(i) এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে একাডেমিক স্বীকৃতি/ অধিভুক্তির আদেশের সত্যায়িত কপি;

(ii) এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে সর্বশেষ একাডেমিক স্বীকৃতি/ অধিভুক্তি নবায়ন আদেশের সত্যায়িত কপি;

(iii) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড/জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বিভাগ খোলার অনুমতিপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

(iv) প্রতিষ্ঠানের ভূমির মালিকানা সংক্রান্ত পর্চা (খতিয়ান)/ নামজারি এবং ভূমি উন্নয়ন কর পরিশোধের হালনাগাদ রশিদের কপি;

(v) এমপিওভুক্তির নিমিত্ত প্রদত্ত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রটি ঐ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি/এডহক কমিটির সভাপতি ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে;

(vi) আবেদন ফরমে প্রদানকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরিত ঘোষণাপত্র;

(vii) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক ছবি (৯৬০×৪৭৬ Pixel Size) JPG ফরমেটে তৈরি করতে হবে;

**২. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এমপিও নীতিমালা-২০২১ অনুযায়ী নিম্নোক্ত বিষয়গুলোকে বুঝাবে:**

(i) সিটি কর্পোরেশন: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঘোষিত সিটি কর্পোরেশন এলাকাকে বুঝাবে;

(ii) পৌর এলাকা: স্থানীয় সরকার বিভাগ কতৃক ঘোষিত কোন পৌর এলাকাকে বুঝাবে;

(iii) শহর এলাকা: শহর এলাকা বলতে সিটি কর্পোরেশন ও জেলা সদরের পৌরসভাকে বুঝাবে;

(iv) মফস্বল এলাকা: মফস্বল এলাকা বলতে সিটি কর্পোরেশন ও জেলা সদরের পৌর এলাকা ব্যতীত অন্যান্য এলাকাকে বুঝাবে;

(v) একাডেমিক স্বীকৃতি/অধিভূক্তি: প্রতিষ্ঠানকে (স্কুল ও কলেজ) অবশ্যই সংশ্লিষ্ট শিক্ষাবোর্ড/জাতীয় বিশ্ববিদ্যালয় বা উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক হালনাগাদ একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত/অধিভূক্ত হতে হবে।

**৩. অনলাইন আবেদন ফরম পূরণের ধাপসমূহ:**

(i) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইট: **www.shed.gov.bd,** মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট: **www.dshe.gov.bd** এবং ব্যানবেইস এর ওয়েবসাইট: **www.banbeis.gov.bd** যে কোন একটি ওয়েবসাইটের লিংকে প্রবেশ করুন; এমপিওভুক্তির জন্য Online আবেদনফরম-এ ক্লিক করুন;

(ii) **Window**-টি খোলার পর নির্দিষ্ট জায়গায় আপনার প্রতিষ্ঠানের **EIIN** প্রদান করুন। অতঃপর **Screen**-এ আপনার প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাসহ অন্যান্য তথ্যাদি প্রদর্শিত হবে;

(iii) প্রদর্শিত তথ্যাদি সঠিক থাকলে নিচে **Submit** বাটন-এ ক্লিক করুন। অতঃপর নতুন **Window** প্রদর্শিত হবে এবং প্রতিষ্ঠানের মোবাইল নম্বরে **SMS**-এর মাধ্যমে **One Time Password (OTP)** প্রদান করা হবে। **SMS** -এর মাধ্যমে প্রাপ্ত **OTP** নির্দিষ্ট ফিল্ডে এন্ট্রি করুন এবং **Submit** বাটন-এ ক্লিক করুন।

**৪.(ক) এমপিও সফটওয়্যারের অনলাইন আবেদন ফরমের প্রথম অংশের (সেকশন ১: প্রতিষ্ঠানের সাধারণ তথ্য) ফিল্ডসমূহ পূরণ করতে হবে:**

(i) প্রতিষ্ঠানের যেকোন একটি ধরন (নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, উচ্চমাধ্যমিক বিদ্যালয়, উচ্চমাধ্যমিক কলেজ এবং স্নাতক (পাস) কলেজ) নির্বাচন করুন;

(ii) প্রতিষ্ঠানটি বর্তমানে কোন স্তরে এমপিওভুক্ত আছে তা নির্বাচন করুন;

(iii) বাংলাদেশ জাতীয় সংসদীয় এলাকার নাম ও নম্বর: আপনার শিক্ষা প্রতিষ্ঠান বাংলাদেশ জাতীয় সংসদের যে সংসদীয় এলাকায় অবস্থিত সে সংসদীয় এলাকার নাম ও নম্বর নির্বাচন করুন।

(iv) উচ্চমাধ্যমিক বিদ্যালয়, উচ্চমাধ্যমিক কলেজ এবং স্নাতক (পাস) কলেজ এর বিভাগ নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড/জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক স্বীকৃতি অনুযায়ী বিভাগ নির্বাচন করুন;

(v) প্রশাসনিক এলাকার ধরন; প্রতিষ্ঠানটিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ধরন; ভৌগোলিক অবস্থান; প্রতিষ্ঠানটিতে অধ্যয়নরত অধিকাংশ শিক্ষার্থী কোন অনগ্রসর জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত- এই চারটি ফিল্ডের জন্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য উত্তর নির্বাচন করুন;

(vi) প্রতিষ্ঠানের অবকাঠামো যে ভূমির উপর অবস্থিত তা ঐ প্রতিষ্ঠানের নামে পর্চা (খতিয়ান)/ নামজারি আছে কি-না নির্বাচন করুন;

(vii) যুদ্ধাপরাধী ব্যক্তির নামে অথবা ফৌজদারী অপরাধে ২ বছরের বেশি সাজাপ্রাপ্ত ব্যক্তির নামে নামকরণকৃত কি-না নির্বাচন করুন;

(viii) প্রতিষ্ঠানটি একাডেমিক স্বীকৃতি/অধিভুক্তি প্রাপ্ত কি-না নির্বাচন করুন;

(ix) একাডেমিক স্বীকৃতি/অধিভুক্তি হালনাগাদ নবায়ন ১০.১০.২০২১ তারিখ পর্যন্ত আছে কি-না নির্বাচন করুন। অতঃপর **Save** বাটন-এ ক্লিক করুন;

**৪.(খ) এমপিও সফটওয়্যারের অনলাইন আবেদন ফরমের দ্বিতীয় অংশের (সেকশন-২: এমপিওভুক্তির জন্য আবেদনের তথ্য) ফিল্ডসমূহ পূরণ করতে হবে:**

(i) এমপিওভুক্তির জন্য শিফট নির্বাচন করুন;

(ii) এমপিওভুক্তির জন্য আবেদনের স্তর নির্বাচন করুন। অতঃপর **Next Page** বাটন-এ ক্লিক করুন;

৫. **ভর্তিকৃত শিক্ষার্থীর তথ্য:** নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মধ্যমিক বিদ্যালয়, উচ্চমাধ্যমিক কলেজ এর ক্ষেত্রে ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালের শিক্ষার্থীর তথ্য প্রদান করতে হবে। স্নাতক (পাস) স্তরের ক্ষেত্রে ২০১৬, ২০১৭ এবং ২০১৮ সালের শিক্ষার্থীর তথ্য প্রদান করতে হবে।

৬. **একাডেমিক স্বীকৃতি/অধিভুক্তির হালনাগাদ তথ্য প্রদান করতে হবে:**

| | | | |
|---|---|---|---|
| (i) প্রার্থিত স্তরে স্বীকৃতি/অধিভুক্তির তারিখ: | DD | MM | YYYY |
| (ii) প্রার্থিত স্তরে সর্বশেষ স্বীকৃতি/অধিভুক্তির নবায়নের তারিখ: | DD | MM | YYYY |
| (iii) প্রার্থিত স্তরে স্বীকৃতি/অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণের তারিখ: | DD | MM | YYYY |

**৭. সংযুক্তির বিবরণ: সংশ্লিষ্ট সংযুক্তি ঘরে নিম্নবর্ণিত কপিসমূহ PDF আকারে আপলোড করতে হবে:**

(i) এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে একাডেমিক স্বীকৃতি/অধিভুক্তির আদেশের সত্যায়িত কপি;

(ii) এমপিওভুক্তির জন্য প্রার্থিত স্তরে সর্বশেষ একাডেমিক স্বীকৃতি/ অধিভুক্তি নবায়ন আদেশের সত্যায়িত কপি;

(iii) মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড/জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক বিভাগ খোলার অনুমতিপত্রের সত্যায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

(iv) প্রতিষ্ঠানের ভূমির মালিকানা সংক্রান্ত পর্চা (খতিয়ান)/ নামজারি এবং ভূমি উন্নয়ন কর পরিশোধের হালনাগাদ রশিদের কপি;

(v) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাম্প্রতিক ছবি (960×476 Pixel Size) JPG ফরমেটে তৈরি করতে হবে;

(vi) আবেদনের জন্য নির্ধারিত ফরমে এমপিওভুক্তির প্রদত্ত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্রটি ঐ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিংবডি/এডহক কমিটির সভাপতি ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে;

(vii) আবেদন ফরমে প্রদানকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরিত ঘোষণাপত্র;

(viii) ২য় শিফটের এমপিওভুক্তির আবেদনের ক্ষেত্রে উভয় শিফটের শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা এবং উত্তীর্ণের সংখ্যার (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মধ্যমিক বিদ্যালয়, উচ্চমাধ্যমিক কলেজ এর ক্ষেত্রে ২০১৮, ২০১৯ এবং ২০২০ সালের এবং স্নাতক (পাস) স্তরের ক্ষেত্রে ২০১৬, ২০১৭ এবং ২০১৮ সালের) তথ্য প্রতিষ্ঠান প্রধান এবং উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

[উল্লেখ্য, ২য় শিফট এমপিওভুক্ত করার ক্ষেত্রে ২য় শিফটের শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা ও উত্তীর্ণের সংখ্যা বিবেচিত হবে। কোন ভাবেই ১ম শিফটের শিক্ষার্থী, পরীক্ষার্থী ও উত্তীর্ণের সংখ্যা ২য় শিফটের এমপিওভুক্তির ক্ষেত্রে বিবেচনা করা হবে না।]

৮. এক বা একাধিক স্তরে এমপিওভুক্তির জন্য আবেদন করা যাবে। একাধিক স্তরে আবেদনের ক্ষেত্রে প্রথম স্তরের আবেদন সম্পন্ন করার পর **Submit Application** বাটন-এ ক্লিক করতে হবে। অতঃপর **EIIN** দিয়ে নতুন ভাবে লগইন (**Login**) করে পরবর্তী স্তরের জন্য আবেদন সম্পন্ন করার পর **Submit Application** বাটন-এ ক্লিক করতে হবে।

৯. **Submit Application** বাটন-এ ক্লিক করার পর আবেদন সম্পন্ন হবে। আবেদন ফরম সঠিকভাবে পূরণ হলে "**ধন্যবাদ আপনার আবেদনটি সফলভাবে সংরক্ষণ করা হয়েছে। আপনি যদি আরো কোনো স্তরে আবেদন/দাখিলকৃত আবেদন সংশোধন করতে চান তাহলে পুনরায় লগইন করে সঠিক তথ্য দিয়ে আবেদন করুন।**" **Message** প্রদর্শিত হবে। প্রতি স্তরে আবেদন সম্পন্ন করার পর প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে।

১০. এমপিওভুক্তির আবেদন **Submit** করার পর আবেদনের তথ্য প্রয়োজনে সংশোধন (**Edit**) করা যাবে। সেক্ষেত্রে **Online** আবেদন ফরম-এ পুনরায় **EIIN** দিয়ে লগইন (**Login**) করে প্রথমবারের আবেদনের ন্যায় সংশ্লিষ্ট ফিল্ডের তথ্য সংশোধন (**Edit**)-এর পর **Submit Application** বাটন-এ ক্লিক করে প্রিন্ট কপি সংরক্ষণ করুন।

১১. এমপিওভুক্তির আবেদন ফরম পূরণের ক্ষেত্রে যে কোন সহযোগিতার জন্য ০১৫৭১৭৩৭০৩৩, ০১৫৫২৪৯২৭৭৮, ০১৯১৪৮৯০৫০৮, ০১৯৩৬৫৮৩৮৫৬, ০১৭২৩২০৭৫৭৭, ০১৯২৪২১৭৯৪৭ নম্বরে এবং ই-মেইল: mpo@banbeis.gov.bd যোগাযোগ করা যাবে। উল্লেখ্য, প্রতিষ্ঠানের মোবাইল নম্বর সংশোধনের জন্য উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার প্রত্যয়নসহ মহাপরিচালক, ব্যানবেইস বরাবর আবেদন mpo@banbeis.gov.bd এ প্রেরণ করতে হবে।

**বিশেষ দ্রষ্টব্য:** অনলাইন এমপিও সফটওয়্যারে প্রদর্শিত পরীক্ষার ফলাফল সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড/ জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাপ্ত। অনলাইন আবেদন ফরমে প্রদর্শিত পরীক্ষার ফলাফল সংশোধন/পরিবর্তনের সুযোগ নেই।